

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬৪

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি রাতে তাহাজ্জুদ সালাত আদায় করে, নির্জনে সৎ আমল করে, সে ব্যক্তির জন্য আবশ্যক হলো ভয়ের অবস্থা প্রবল হওয়া যাতে তার মাঝে এসব ইবাদতের মাধ্যমে আত্ন-অহমিকা তৈরি না হয়, যদিও সে ব্যক্তি ভাল মানুষ, দ্বীনদারিতার ক্ষেত্রে মুত্তাকী মানুষ

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِذَا تَهَجَّدَ بِاللَّيْلِ وَخَلَا بِالطَّاعَاتِ يَجِبُ أَنْ تَكُونَ حَالَةُ الْخَوْفِ عَلَيْهِ غَالِبَةً لِئَلَّا يُعْجَبَ بِهَا وَإِنْ كَانَ فَاضِلًا فِي نَفْسِهِ تَقِيًّا فِي دينِهِ

আরবী

664 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا حَوْثَرَةُ بْنُ أَشْرَسَ الْعَدَوِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ عَنْ مُطَرِّف بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخِيرِ عَنْ أَبِيهِ قَالَ: دَخَلْتُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُسْجِدَ وَهُوَ قَائِمٌ يصلي وبصدره أزيز كأزيز المرجل. الراوي: عَبْد اللَّهِ بْنِ الشِّخِيرِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المعدث: صحيح. المحدث: صحيح.

বাংলা

৬৬৪. আব্দুল্লাহ বিন শিখখীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি মাসজিদে নববীতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাছে প্রবেশ করলাম, এসময় তিনি দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন আর তাঁর বুকে পাত্রের ফুটন্ত পানির ন্যায় আওয়াজ হচ্ছিল!"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৫; আবু দাউদ: ৯০৪; হাকিম: ১/২৬৪; সুনান বাইহাকী: ২/২৫১; নাসাঈ: ৩/১৩; তিরমিযী: ৩১৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭২৯; সহীহ ইবনু খুযাইমা: ৯০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৪০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শিখখীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন